

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইন্সটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.১৮.০৫৮.২১-৯৮৮

তারিখঃ ১৯/০৩/২০২৪খ্রি.

বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের মাঠ পর্যায়ের ক্লাব কার্যক্রম স্থানীয় জনপ্রতিনিধি (স্থানীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান, পৌর মেয়র, উপজেলা ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌর কাউন্সিলর, ইউনিয়ন পরিষদ সদস্য) সংযুক্তকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ এপ্রিল/২০১৮ থেকে জুন/২০২৫ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। ইতোমধ্যে দেশের ৬৪টি জেলার ৪৯২টি উপজেলায় (৪৫৫টি ইউনিয়ন ও ৩৩০টি পৌরসভা) ৪৮৮৩টি ক্লাব স্থাপন করা হয়েছে। প্রতি বছর প্রতিটি ক্লাবে ৩০ জন (২০ জন কিশোরী ও ১০ জন কিশোর) করে মোট ১,৪৬,৪৯০ জন কিশোর-কিশোরীদের বাল্য বিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ সক্ষম করা এবং Sexual & Reproductive Health and Rights (SRHR) বিষয়ে সচেতনতা বৃদ্ধি, ক্যারাটে প্রশিক্ষণ প্রদান ও জীবন দক্ষতামূলক বিভিন্ন প্রশিক্ষণ নিচ্ছে। তরুণ প্রজন্মকে যুগোপযোগী করে স্মার্ট বাংলাদেশ (স্মার্ট সিটিজেন ও স্মার্ট সোসাইটি) গড়ে তোলার লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

০২। অত্র প্রকল্প হতে কিশোর-কিশোরীদের পুষ্টির চাহিদা মিটানোর লক্ষ্যে ক্লাব কর্মদিবসে নাস্তা সরবরাহ করা হচ্ছে। এছাড়া কিশোর-কিশোরীদের প্রশিক্ষণের জন্য নির্দেশিকা, ক্রীড়া সামগ্রীসহ সঙ্গীতের জন্য হারমোনিয়াম, তবলা সরবরাহ করা হয়েছে। কিশোর-কিশোরীদের পাঠাভ্যাস গড়ে তোলার জন্য বিভিন্ন বইপত্র ও সাময়িকী সরবরাহ করা হয়েছে। মাঠ পর্যায়ের ক্লাব কার্যক্রম দৃশ্যমান করার লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধিগণকে (নবনির্বাচিত স্থানীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান, পৌর মেয়র, উপজেলা ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌর কাউন্সিলর, ইউনিয়ন পরিষদ সদস্য) সম্পৃক্ত করে মনিটরিং জোড়দার করা প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, সরকারের অগ্রাধিকার ভিত্তিক অত্র প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে তীর আওতাধীন জেলা/উপজেলার কিশোর-কিশোরী ক্লাবসমূহ নিয়মিত মনিটরিং, জনপ্রতিনিধিদের ক্লাব কার্যক্রম অবহিতকরণ এবং যেকোন সমস্যা সমাধানে কার্যকরী পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো।


কেয়া খান

মহাপরিচালক (গ্রেড-১)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-৪৮৩১৯১৪৯

বিতরণঃ কার্যার্থে;

- ০১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, (সকল)। [তীর এলাকার সকল কিশোর-কিশোরী ক্লাবের তথ্য স্থানীয় সংসদ সদস্যকে অবহিত করার জন্য বলা হল।]
- ০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,(সকল)। [তীর এলাকার সকল কিশোর-কিশোরী ক্লাবের তথ্য স্থানীয় সংসদ সদস্যকে অবহিত করার জন্য বলা হল।]

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক,(সকল)।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, (সকল)।
- ০৬। পৌর মেয়র, (সংশ্লিষ্ট সকল)।
- ০৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, (সংশ্লিষ্ট সকল)।
- ০৮। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৯। অফিস কপি।